গোপনীয়

# বাংলাদেশ শিপিং কর্পোরেশন

চট্টগ্রাম।

নং-১৮.১৬.০০০০.৩৫২.০৬.০১৫.১৭-

তারিখঃ ০৯-১২-১৪২৩ বঙ্গাব্দ।
২৩-০৩-২০১৭ খ্রিঃ।

**গত ২২-০৩-২০১৭ তারিখ অনুষ্ঠিত বাংলাদেশ শিপিং কর্পোরেশনের ২০১৫-২০১৬ অর্থ বছরের ৩৯তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী।**

নৌ-পরিবহন মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী এবং বাংলাদেশ শিপিং কর্পোরেশন বোর্ড অব ডাইরেক্টরস এর চেয়ারম্যান, জনাব শাজাহান খান, এম. পি এর সভাপতিত্বে ২২-০৩-২০১৭ তারিখ রোজ বুধবার বেলা ১১-০০ ঘটিকায় চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের শহীদ মোহাম্মদ ফজলুর রহমান মুন্সী অডিটোরিয়ামে বাংলাদেশ শিপিং কর্পোরেশনের সম্মানিত শেয়ারহোল্ডারদের ৩৯তম (২০১৫-২০১৬ অর্থ বছরের) বার্ষিক সাধারণ সভা(এজিএম) অনুষ্ঠিত হয়। সভায় পরিচালনা পর্ষদের পরিচালকবৃন্দ বাংলাদেশ শিপিং কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক, কমডোর এম. হাবিবুর রহমান ভূইয়া, অর্থনৈতিক উপদেষ্টা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, জনাব মোঃ সাইফুল আলম হামিদী, নির্বাহী পরিচালক (অর্থ), বিএসসি, বেগম ইয়াসমিন আফসানা এবং নির্বাহী পরিচালক (প্রযুক্তি)-চলতি দায়িত্ব ও নির্বাহী পরিচালক (বাণিজ্য)- অতিরিক্ত দায়িত্ব, বিএসসি, জনাব মোঃ সাঈদ উল্লাহ উপস্থিত ছিলেন। এছাড়া, উল্লেখযোগ্য সংখ্যক শেয়ারহোল্ডারগণ ৩৯তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত ছিলেন। সভাপতির নির্দেশক্রমে সভা পরিচালনা করেন বিএসসি'র সচিব, জনাব মোহাম্মদ আবদুল আউয়াল।

০২। সভায় উপস্থিত বোর্ড অব ডাইরেক্টরস্ এর সদস্যবৃন্দ ও শেয়ারহোল্ডারদের তালিকা পরিশিষ্ট-'ক' ও 'খ'-তে সন্নিবেশিত হয়েছে।

০৩। পবিত্র কোরআন তেলাওয়াত ও তর্জমার মাধ্যমে সভার আনুষ্ঠানিক কার্যক্রমের সূচনা হয়।

০৪। **সভাপতি মহোদয়ের স্বাগত ভাষণ** ঃ-

৪.১। সভার সভাপতি নৌ-পরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, জনাব শাজাহান খান, এম. পি বার্ষিক সাধারণ সভায় উপস্থিত শেয়ারহোল্ডারদেরকে স্বাগত জানিয়ে ভাষণ প্রদান করেন। মাননীয় মন্ত্রী বাংলাদেশ শিপিং কর্পোরেশনের ২০১৫-২০১৬ অর্থ বছরের ৩৯তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হওয়ার জন্য পরিচালনা পর্ষদের পরিচালকবৃন্দ, সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, বিএসসির কর্মকর্তা ও কর্মচারি, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক এবং উপস্থিত অন্যান্য সকলকে স্বাগত জানান।

৪.২। সভায় উপস্থিত সম্মানিত শেয়ারহোল্ডারদেরকে স্বাগত জানানোর পর সভাপতি মহোদয় স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্মরণ করেন এবং ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির পিতাসহ যাদেরকে নির্মমভাবে হত্যা করা হয়েছে তাদেরকেও শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি বলেন বঙ্গবন্ধুর ব্যক্তিগত উদ্যোগে ১৯৭২ সনের ৫ই ফেব্রুয়ারি জাতীয় প্রতিষ্ঠান বাংলাদেশ শিপিং কর্পোরেশন(বিএসসি) প্রতিষ্ঠিত হয়। অতঃপর সভাপতি সম্মানিত

অঃ পৃঃ দ্রঃ-

শেয়ারহোল্ডারগণের মূল্যবান পরামর্শ এবং দিক-নির্দেশনা জাতীয় প্রতিষ্ঠান বাংলাদেশ শিপিং কর্পোরেশনের উত্তরোত্তর উন্নতি, অগ্রগতি ও সমৃদ্ধি অর্জনে সহায়ক ভূমিকা পালন করবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

৪.৩। অতঃপর মাননীয় সভাপতি সভায় উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা জননেত্রী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনার আলোকে এবং তাঁর বলিষ্ঠ নেতৃত্বে বর্তমান গণতান্ত্রিক সরকার কর্তৃক সামগ্রিক উন্নয়নের ধারাবাহিকতায় বাংলাদেশ শিপিং কর্পোরেশনের(বিএসসি'র) উন্নয়নে নানাবিধ পদক্ষেপ নেয়া হয়েছে। শেয়ার বাজার হতে আরপিও'র মাধ্যমে অর্জিত টাকা ও নিজস্ব অর্থ ব্যয়ে প্রায় ৩৬০০০ডিডব্লিউটি সম্পন্ন একটি প্রোডাক্ট কেমিকেল, ক্রুড অয়েল ট্যাংকার ক্রয় প্রকল্প সর্বোচ্চ পর্যায় থেকে অনুমোদিত হয়েছে। উক্ত জাহাজটি আগামী দুই মাসের মধ্যে বিএসসি বহরে সংযোজন হবে মর্মে আশাবাদ ব্যক্ত করা হয়। এছাড়া, চীন সরকারের আর্থিক সহায়তায় বিএসসি'র জন্য ০৬টি নতুন জাহাজ (০৩টি বাল্ক ক্যারিয়ার ও ০৩টি প্রোডাক্ট অয়েল ট্যাংকার) ক্রয় প্রকল্পটি'র ঋণ চুক্তি চীনের মহামান্য রাষ্ট্রপতি বাংলাদেশ সফরকালে সম্পাদন হয়েছে এবং বর্তমানে জাহাজগুলোর নির্মাণ কাজ এগিয়ে চলছে। তিনি আশাবাদ ব্যক্ত করেন ২০১৮ সালে জাহাজগুলো কর্পোরেশনের বহরে সংযুক্ত হবে। কর্পোরেশনের উন্নয়ন অগ্রগতির জন্য সম্মানিত শেয়ারহোল্ডারদের সর্বাত্মক সমর্থন ও আস্থার কথা উল্লেখ করতঃ সংস্থার পরিচালক মন্ডলী ও সর্বস্থরের কর্মকর্তা ও কর্মচারিদের নিরলস প্রচেষ্টার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

৪.৪। শেয়ারহোল্ডারদের উদ্দেশ্যে বলেন, নৌ-পরিবহন মন্ত্রণালয়ের দায়িত্ব নেয়ার পর তিনি দেখতে পান বাংলাদেশ শিপিং কর্পোরেশনের বহরে সমুদ্রগামী জাহাজসমূহের অধিকাংশের বয়স ৩০ বছরের উপর, আন্তর্জাতিক মেরিটাইম আইন অনুসরণপূর্বক এ জাহাজগুলো সমুদ্র পথে চলাচলের অযোগ্য। এছাড়া অতিপুরাতন সমুদ্রগামী জাহাজগুলো সমুদ্র পথে পরিচালনা করে কর্পোরেশন লোকসান দিয়ে আসছিল। তদপ্রেক্ষিতে অতিপুরাতন সমুদ্র পথে পরিচালনায় অযোগ্য অলাভজনক জাহাজগুলো পর্যায়ক্রমে বিক্রি করা হয়েছে। পুরাতন জাহাজগুলো বিক্রি করার ফলে সংস্থার লাভের পরিমাণ বৃদ্ধি পেয়েছে।

৪.৫। সভাপতি শেয়ারহোল্ডারদের উদ্দেশ্যে বলেন ঢাকার প্রাণ কেন্দ্র দিলকুশায় দৈনিক বাংলের মোড়ে বিএসসি'র একটি মূল্যবান জমি আছে। উক্ত জমিতে ইতোপূর্বে ০২জন মন্ত্রী ভবন নির্মাণের জন্য ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। কিন্তু ভবন নির্মিত হয়নি। ২০১১ সালের জুলাই মাসের ২৭ তারিখে ২৮তলা ভবন (৩টি বেজমেন্টসহ) নির্মাণ কাজের শুভ উদ্বোধন করা হয় এবং তদপরবর্তী নির্মাণ কাজ শুরু করা হয়। শেয়ারহোল্ডারদের এবং সংস্থার নিজস্ব অর্থায়নে প্রায় ৬৩.৫ কোটি টাকা ব্যয়ে আধুনিক ও দৃষ্টি নন্দন বাণিজ্যিক ভবন নির্মাণ কাজ সফলভাবে সম্পন্ন হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী আগামী ১৫ এপ্রিল, ২০১৭ তারিখে বহুল কাংখিত উক্ত বাণিজ্যিক ভবনটি উদ্বোধন করবেন মর্মে আশা করা যায়। এ ভবন বাণিজ্যিকভাবে ভাড়া দিয়ে ভাড়া থেকে বছরে যে আয় হবে বিএসসির উন্নয়নে উক্ত অর্থ উল্লেখযোগ্য অবদান রাখবে।

৪.৫। সভাপতি তার বক্তব্যে বর্তমান সময়ে জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদের উত্থানের বিষয়েও আলোকপাত করেন। সম্প্রতি সন্ত্রাসী হামলা ও হত্যাকান্ড চালিয়ে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটিয়ে দেশকে অস্থিতিশীল করার এবং সার্বিক উন্নয়ন বাধাগ্রস্থ করার বিষয়ে উল্লেখ করে এ ব্যাপারে সকলকে সজাগ থাকার এবং গঠনমূলক ভূমিকা রাখার জন্য আহবান জানান।

৪.৬। পরিশেষে, শেয়ারহোল্ডারদেরকে বিএসসি'র উপর আস্থা রাখার এবং সর্বাত্মক সহযোগিতা প্রদানের জন্য কৃতজ্ঞতা জানান এবং বিএসসির সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারী, জাহাজী কর্মকর্তা ও নাবিকবৃন্দ এবং এর কর্মকান্ডের সাথে সম্পৃক্ত সকল ব্যক্তি/প্রতিষ্ঠানের প্রতি আন্তরিক অভিনন্দন জানান। জাতীয় পতাকাবাহী এ'প্রতিষ্ঠানের উত্তরোত্তর উন্নতি, সমৃদ্ধি ও সাফল্য কামনা করে উপস্থিত প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক ভাইদের ধন্যবাদ জানিয়ে তাঁর বক্তব্য শেষ করেন।

০৫। **বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি পাঠ ঃ-**

সভাপতির অনুমতিক্রমে বিএসসি'র সচিব বাংলাদেশ শিপিং কর্পোরেশনের ২০১৫-২০১৬ অর্থ বছরের ৩৯তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি এবং সভার আলোচ্য সূচী পাঠ করেন।

০৬। **আলোচ্যসূচী ১ ঃ- বিগত ২৩ জুলাই, ২০১৬ তারিখে অনুষ্ঠিত ৩৮তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন ঃ-**

| সভায় প্রস্তাব উপস্থাপন | সিদ্ধান্ত/অনুমোদন |
|---|---|
| সভাপতির অনুমতিক্রমে বিএসসি'র সচিব বলেন গত ২৩-০৭-২০১৬ তারিখে অনুষ্ঠিত বিএসসির ২০১৪-২০১৫ অর্থ বছরের শেয়ারহোল্ডারদের ৩৮তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী গত সেপ্টেম্বর, ২০১৬ মাসে বিএসসির ওয়েবসাইটে এবং একইসাথে এ ব্যাপারে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। এছাড়া, সভায় প্রবেশের সময় সম্মানিত শেয়ারহোল্ডারদেরকে কার্যবিবরণী দেয়া হয়েছে। এমতাবস্থায়, ২০১৪-২০১৫ অর্থ বছরের ৩৮তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণীটি নিশ্চিতকরণের ও অনুমোদনের জন্য সভায় উপস্থিত শেয়ারহোল্ডারদের আহ্বান জানান। | উপস্থিত শেয়ারহোল্ডারদের সর্বসম্মতিক্রমে সমর্থনের প্রেক্ষিতে গত ২৩-০৭-২০১৬ তারিখে অনুষ্ঠিত ২০১৪-২০১৫ অর্থ বছরের ৩৮তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে সভায় অনুমোদিত হয়। অতঃপর সভাপতি (নৌপরিবহন মন্ত্রী) ৩৮তম সভার কার্যবিবরণীতে স্বাক্ষর করেন। |

০৭। **আলোচ্যসূচী ২ ঃ- বিএসসি'র ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক বোর্ড অব ডাইরেক্টরস এর প্রতিবেদন উপস্থাপন ঃ-**

৭.১। সভাপতির অনুমতিক্রমে বিএসসির ব্যবস্থাপনা পরিচালক, কমডোর এম. হাবিবুর রহমান ভূইয়া সম্মানিত শেয়ারহোল্ডারদের উদ্দেশ্যে বোর্ড অব ডাইরেক্টরস এর প্রতিবেদন উপস্থাপন করেন। প্রথমেই তিনি বাংলাদেশ শিপিং কর্পোরেশন প্রতিষ্ঠায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান শ্রদ্ধাভরে স্মরণ করেন। অতঃপর তিনি বাংলাদেশ শিপিং কর্পোরেশনের যে সকল সম্মানিত শেয়ারহোল্ডারগণ এবং কর্মকর্তা-কর্মচারী ইতোমধ্যে ইহলোক ত্যাগ করেছেন; মহান আল্লাহ তালার নিকট তাঁদের রুহের মাগফেরাত কামনা করেন। কর্পোরেশনের সাথে সংশ্লিষ্ট যে সকল সম্মানিত শেয়ারহোল্ডার, কর্মকর্তা-কর্মচারী যাদের আত্মত্যাগ

ও একনিষ্ঠ কর্মকান্ডের ফলে কর্পোরেশন বর্তমান পর্যায়ে উন্নীত হয়েছে, সে সকল পূর্বসূরীদের শ্রদ্ধাভরে স্মরণ করেন এবং তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

৭.২। জাতীয় স্বার্থে বিএসসি'র অবদান

তিনি সম্মানিত শেয়ারহোল্ডারদেরকে অবহিত করেন যে, বাংলাদেশ শিপিং কর্পোরেশন সরকারের স্বায়ত্বশাসিত একটি বাণিজ্যিক প্রতিষ্ঠান। ১৯৭২ সালে প্রতিষ্ঠার পর থেকে অদ্যাবধি প্রত্যক্ষ ও পরোক্ষভাবে দেশের বিভিন্ন আর্থ সামাজিক উন্নয়নে কর্পোরেশন বিশেষ অবদান রেখে আসছে যেমন ঃ-

(ক) জাহাজে পণ্য পরিবহনের মাধ্যমে মুনাফা অর্জনপূর্বক জাতীয় অর্থনীতিতে অবদান।

(খ) জ্বালানী তেল ও খাদ্য দ্রব্য পরিবহনের মাধ্যমে জ্বালানী নিরাপত্তা ও খাদ্য নিরাপত্তায় সরাসরি অবদান।

(গ) মেরিটাইম সেক্টরে দক্ষ লোকবল গড়ে তোলার মাধ্যমে দেশের বিপুল পরিমাণ বৈদেশিক মূদ্রা অর্জন।

(ঘ) সংস্থায় চাকুরী সৃষ্টির মাধ্যমে দারিদ্র বিমোচন।

(ঙ) এছাড়া জাহাজ পরিচালন ও রক্ষণাবেক্ষণে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে দেশের হাজার হাজার লোক আর্থিকভাবে উপকৃত হচ্ছে।

৭.৩। কর্পোরেশনের আয়-ব্যয়, নীট লাভ ও লভ্যাংশ ঘোষণাঃ

(ক) ২০১৫-২০১৬ অর্থ বছরে বিএসসি'র আয় ১১৮.৮১ কোটি টাকা এবং ব্যয় ১১২.০৯ কোটি টাকা। আলোচ্য অর্থ বছরে সংস্থার নীট মুনাফা হয়েছে ৬.৭২ কোটি টাকা।

(খ) গত ২০১৪-২০১৫ অর্থ বছরে বিএসসি'র মোট আয় হয়েছিল ১৩০.০১ কোটি টাকা ও ব্যয় হয়েছিল ১২৪.৬৮ কোটি টাকা অর্থাৎ নীট মুনাফা হয়েছিল ৫.৩৩ কোটি টাকা।

(গ) ২০১৫-২০১৬ অর্থ বছরে কর্পোরেশন ৬.৭২ কোটি টাকা নীট মুনাফা অর্জন করে। তদপ্রেক্ষিতে শেয়ারহোল্ডারদের জন্য ১২% হারে বোনাস শেয়ার (ষ্টক ডিভিডেন্ট) প্রদানের সুপারিশ করা হয়েছে।

৭.৪। অতঃপর বাংলাদেশ শিপিং কর্পোরেশনের ২০১৫-২০১৬ অর্থ বছরে সমুদ্র পথে জাহাজ পরিচালনা ও অন্যান্য অপরিচালনা আয় খাতে কর্পোরেশনের আয়ের চিত্র পাওয়ার পয়েন্টের মাধ্যমে সম্মানিত শেয়ারহোল্ডারদের অবগতির জন্য উপস্থাপন করা হয় যা নিম্নরূপঃ-

(ক) ২০১৫-২০১৬ অর্থ বছরে বিভিন্ন খাতে আয়ঃ

| | | |
|---|---|---|
| (০১) | চার্টারিং/ট্র্যাম্পিং/লাইটারেজ কার্যক্রম | টাকা = ৫০.১৬ কোটি |
| (০২) | ফিডার সার্ভিস | টাকা = ০.০২ কোটি |
| (০৩) | অন্যান্য পরিচালনা আয় | টাকা = ২২.০৯ কোটি |
| (০৪) | অপরিচালনা আয় | টাকা= ৪৬.৫৪ কোটি |
| | করপূর্ববর্তী মোট আয় | **টাকা=১১৮.৮১ কোটি** |

(খ) ২০১৫-২০১৬ অর্থ বছরে গুরুত্বপূর্ণ বিভিন্ন খাতে ব্যয় ঃ-

| | | |
|---|---|---|
| (০১) | বেতন-ভাতাদি<br>(এফ্লোট ১৪.৫৯ কোটি টাকা + শোর ১৬.০৩ কোটি টাকা) | টাকা= ৩০.৬২কোটি |

| | | |
|---|---|---|
| (০২) | জ্বালানী তেল ও পানি | টাকা= ৩১.১৫ কোটি |
| (০৩) | জাহাজের বীমা | টাকা= ৫.৬৮কোটি |
| (০৪) | ডেক ও ইঞ্জিন ষ্টোর্স ব্যয় | টাকা= ৩.৬৭ কোটি |
| (০৫) | ডেসপ্যাচ ডেমারেজ | টাকা= ১.৬০ কোটি |
| (০৬) | বন্দর, ক্যানেল ও শুল্ক কর | টাকা= ০.৪৬কোটি |
| (০৭) | যন্ত্রাংশ ক্রয় | টাকা= ৩.০০কোটি |
| (০৮) | ষ্টিভিডোরিং ব্যয় | টাকা= ০.৩৫ কোটি |
| (০৯) | জাহাজ মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভে | টাকা= ৭.৪৪ কোটি |
| (১০) | জাহাজের ভিকচুয়ালিং খাতের ব্যয় | টাকা= ২.৪৩ কোটি |

৭.৫। তিনি বলেন, বিশ্বব্যাপী অর্থনৈতিক মন্দা ও নানাবিধ কারণে আন্তর্জাতিক সমুদ্র পথে জাহাজের ভাড়া বিগত তিন দশকের মধ্যে বর্তমানে সর্বনিম্ন পর্যায়ে হ্রাস পেয়েছে। তাছাড়া, বিএসসি বহরের পুরাতন জাহাজের রক্ষণাবেক্ষণে খুচরা যন্ত্রাংশের মূল্য বৃদ্ধিসহ অন্যান্য পরিচালনা ব্যয় বৃদ্ধির কারণে জাহাজ পরিচালনা খরচের পরিমাণ পূর্বের তুলনায় অনেক বৃদ্ধি পেয়েছে। এতদ্‌সত্ত্বেও বাংলাদেশ শিপিং কর্পোরেশন ৩০-৩৫ বছরের পুরাতন জাহাজের মাধ্যমে স্বল্প পরিসরে বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করে ২০১৫-২০১৬ অর্থ বছরে মুনাফা অর্জন করতে সমর্থ হয়েছে।

৭.৬। <u>মূলধন</u>

কর্পোরেশনের শেয়ার মূলধনের বিষয়ে তিনি সভায় অবহিত করেন যে, ৩০-০৬-২০১৬ তারিখ সমাপ্ত ২০১৫-২০১৬ অর্থ বছরে কর্পোরেশনের পরিশোধিত শেয়ার মূলধন ১৩৬ কোটি ১৯ লক্ষ ২০ হাজার টাকা তম্মধ্যে বাংলাদেশ সরকারের শেয়ারের পরিমাণ ৭০ কোটি ৯৪ লক্ষ ৯৫ হাজার এবং অন্যান্য প্রতিষ্ঠানসহ ব্যক্তিমালিকদের ৬৫কোটি ২৪ লক্ষ ২৫ হাজার টাকা। মূলধন খাতে বাংলাদেশ সরকারের অংশ ৫২.১০% এবং বেসরকারী প্রতিষ্ঠান ও ব্যক্তি মালিকদের অংশ ৪৭.৯০%।

৭.৭। <u>সম্পদ ও দায়</u>

২০১৫-২০১৬ অর্থ বছরে নিরীক্ষিত হিসাব অনুযায়ী বিএসসির মোট সম্পদের পরিমাণ ১০০২.১০ কোটি টাকা এবং মোট দেনার পরিমাণ ১৭১.৪০ কোটি টাকা।

৭.৮। <u>লোকবল</u>

ব্যবস্থাপনা পরিচালক উল্লেখ করেন যে, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় (১৯৮০-১৯৮৫) বাংলাদেশ শিপিং কর্পোরেশনের বহরে ৪০টি জাহাজ অর্জনের পরিকল্পনা গ্রহন করা হয়। সে প্রেক্ষিতে ১৯৮৪ সালে কর্পোরেশনের শোর এষ্টাব্লিশমেন্ট (অফিসে) লোকবল ১৫২১ জন ( কর্মকর্তা ২১৭ জন কর্মচারী ১৩০৪ জন)অনুমোদন করা হয়। জাহাজের সংখ্যা কমে যাওয়ায় লোকবলের সংখ্যা যথেষ্ট সংকুচিত হয়েছে। বর্তমানে কর্পোরেশনে কর্মরত কর্মকর্তার সংখ্যা ৫১ জন এবং কর্মচারীর সংখ্যা ১৪৮ জন অর্থাৎ সর্বমোট কর্মকর্তা ও কর্মচারী ১৯৯ জন ।

৭.৯। <u>বিএসসি আইন ঃ</u>

সম্মানিত শেয়ারহোল্ডারদেরকে অবহিত করা হয় যে, বিএসসি'র বাণিজ্যিক ও দাপ্তরিক কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষে ১৯৭২ সালের বিএসসি আইন (পিও ১০) প্রয়োজনীয় সংশোধন, সংযোজন ও সময়োপযোগী করার লক্ষ্যে গৃহীত পদক্ষেপের দীর্ঘ প্রক্রিয়া সম্পন্নপূর্বক সম্প্রতি জাতীয় সংসদে উক্ত আইন অনুমোদিত হয়েছে। উক্ত আইনে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের আইনের সাথে সামঞ্জস্য

রেখে শেয়ারের অভিহিত মূল্য ১০০/- টাকা হতে ১০ টাকা করা হয়েছে। বাংলাদেশ শিপিং কর্পোরেশন আইন-২০১৭ এর গ্যাজেট প্রাপ্তির পর শেয়ারের অভিহিত মূল্য ১০/- টাকা করার প্রয়েজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।

৭.১০। **উন্নয়ন প্রকল্প**

ব্যবস্থাপনা পরিচালক উল্লেখ করেন যে, বাংলাদেশ শিপিং কর্পোরেশনের সামগ্রিক উন্নয়নের জন্য বর্তমান সরকারের বিশেষ দিক-নির্দেশনায় জাহাজ অর্জনসহ বিভিন্ন উন্নয়ন প্রকল্প হাতে নেয়া হয়েছে যা নিম্নরূপঃ-

**(ক) জাহাজ অর্জন**

(১) চীন সরকারের ঋণ সহায়তায় ৬টি নতুন জাহাজ (৩টি নতুন প্রোডাক্ট ওয়েল ট্যাংকার, ৩টি নতুন বাল্ক ক্যারিয়ার) ক্রয়ের লক্ষ্যে সেপ্টেম্বর, ২০১১ মাসে কার্যক্রম শুরু হয়। এরই ধারাবাহিকতায় চীন সরকারের মনোনীত প্রতিষ্ঠান **China National Machinery Imp. & Exp. Corporation (CMC)** এর সাথে গত ৩০-০৪-২০১৪ তারিখে জাহাজ নির্মাণ চুক্তি স্বাক্ষরিত হয়। অত:পর গত বছর চীনের মহামান্য রাষ্ট্রপতির বাংলাদেশ সফরকালে আলোচ্য প্রকল্পের ঋণ চুক্তি সম্পন্ন হয়। ০৬টি জাহাজের প্রতিটির ধারণ ক্ষমতা হবে প্রায় ৩৯ হাজার মেট্রিক টন। ৬টি জাহাজের সর্বসাকুল্য মূল্য মাঃ ডঃ ১৮৪.৫০ মিলিয়ন বা ১৪৪৮.৩৩ কোটি টাকা। ইতোমধ্যে প্রথম কিস্তির অর্থ পরিশোধ করা হয়েছে এবং জাহাজের নির্মাণ কাজ এগিয়ে চলছে। আগামী ২০১৮সালের মে মাস থেকে শুরু করে ডিসেম্বরের মধ্যে জাহাজগুলো পর্যায়ক্রমে বিএসসি'র বহরে সংযোজিত হবে মর্মে তিনি সভায় উল্লেখ করেন।

(২) আরপিও এর মাধ্যমে শেয়ার বিক্রি ও সংস্থার নিজস্ব অর্থ দিয়ে প্রায় ৩৬০০০ডিডব্লিউটি ক্ষমতা সম্পন্ন একটি নতুন প্রোডাক্ট/ক্যামিক্যাল, ক্রুড অয়েল ট্যাংকার সর্বোচ্চ পর্যায় থেকে অনুমোদন প্রাপ্তির পর উক্ত ক্রয় কার্য সম্পন্নের কার্যক্রম এগিয়ে চলছে। আগামী দুই মাসের মধ্যে জাহাজটি বিএসসি'র বহরে সংযোজিত হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

(৩) সরকারের রূপকল্প-২০২১ ও ২০৪১-কে সামনে রেখে বর্তমানে দেশের অভ্যন্তরে ব্যাপক অর্থনৈতিক কর্মকান্ড পরিচালিত হচ্ছে। উক্ত কর্মকান্ডের অংশ হিসেবে বেশ কয়েকটি কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন কার্যক্রম গ্রহন করা হয়েছে। প্রতিটি তাপ বিদ্যুৎ কেন্দ্রে প্রতি মাসে প্রায় ৪.৫০ লক্ষ মেট্রিক টন কয়লা প্রয়োজন হবে। বিএসসি কর্তৃক কয়লা পরিবহনের নিমিত্ত ইতিমধ্যে ২টি নতুন মাদার বাল্ক ক্যারিয়ার প্রতিটি কমপক্ষে ৮০,০০০ ডিডব্লিউটি সম্পন্ন এবং ১০টি নতুন প্রতিটি ১০,০০০-১৫,০০০ডিডব্লিউটি সম্পন্ন বাল্ক ক্যারিয়ার বৈদেশিক ঋণ সহায়তায় ক্রয়ের লক্ষ্যে বিদেশী প্রতিষ্ঠানের সাথে ইতোমধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

(৪) সমসাময়িক বাণিজ্যের চাহিদা বিবেচনায় ৩০,০০০-৩৫,০০০ ডিডব্লিউটি সম্পন্ন ২টি কেমিক্যাল/ ক্রুড অয়েল ট্যাংকার ক্রয়, ১,০০,০০০-১,২৫,০০০ ডিডব্লিউটি সম্পন্ন ২টি নতুন মাদার ট্যাংকার এবং ০৪টি নতুন সেলুলার কন্টেইনার জাহাজ বৈদেশিক ঋণ সহায়তায় ক্রয়ের লক্ষ্যে ইতোমধ্যে MOU স্বাক্ষরিত হয়েছে।

(৫) তিনি শেয়ারহোল্ডারদের উদ্দেশ্যে বলেন, দেশে প্রাকৃতিক গ্যাসের অভ্যন্তরিণ উৎস ক্রমাণ্বয়ে সংকীর্ণ হয়ে আসছে। দেশের গৃহস্থলি'র এবং শিল্পের প্রাকৃতিক গ্যাসের চাহিদা বিবেচনায় সরকার এলএনজি আমদানীর পদক্ষেপ নিয়েছে। এলএনজি টার্মিনাল নির্মাণের কার্যক্রমও প্রক্রিয়াধীন আছে।

উক্ত এলএনজি পরিবহনের জন্য প্রকল্প প্রণয়নের পাশাপাশি বিএসসি কমপক্ষে ৪০,০০০ সিবিএম সম্পন্ন ২টি নতুন এলএনজি ক্যারিয়ার বৈদেশিক ঋণ সহায়তায় ক্রয়ের জন্য ইতোমধ্যে MOU স্বাক্ষর করেছে। পরিকল্পনা অনুযায়ী জাহাজগুলো সংস্থার বহরে সংযোজিত হলে সংস্থার আয় অনেক বৃদ্ধি পাবে এবং জাতীয় সংস্থা সমুদ্র পথে জাহাজে পণ্য পরিবহনের মাধ্যমে জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হবে এবং সংস্থা হারানো গৌরব ফিরে পাবে।

(খ) <u>ভবন নির্মাণ ও অন্যান্য উন্নয়ন</u>

(১) নৌ-পরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক গত ২৭-০৭-২০১১খ্রিঃ তারিখে বিএসসি'র ঢাকাস্থ নিজস্ব জমিতে একটি ২৫তলা ভবন নির্মাণ কাজের শুভ উদ্বোধন করা হয় এবং তৎপরবর্তী নির্মাণ কাজ শুরু করা হয়। প্রায় ৬৩.৫ কোটি টাকা ব্যয়ে ঢাকার প্রাণকেন্দ্র দৈনিক বাংলার মোড়ে আধুনিক ও দৃষ্টিনন্দন ২৫তলা বাণিজ্যিক ভবনের নির্মাণ কাজ সফলভাবে সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে ফ্লোর ভাড়া দেওয়া শুরু হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী বিএসসি'র বহুল কাংঙ্খিত এই বাণিজ্যিক ভবন আগামী ১৫এপ্রিল,২০১৭ তারিখ উদ্বোধন করবেন মর্মে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন মর্মে বিএসসির ব্যবস্থাপনা পরিচালক সভায় অবহিত করেন।

৭.১১। **RPO** এর মাধ্যমে শেয়ারবাজার হতে সংগৃহীত হয়েছে ৩১৩.৭০ কোটি টাকা। বিগত ২৬-০৬-২০১২তারিখে অনুষ্ঠিত ৩৪তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদনক্রমে **RPO** এর মাধ্যমে সংগৃহীত অর্থ হতে এ পর্যন্ত ব্যয়ের পরিমাণ ৭৫.৭৬কোটি টাকা। এ ব্যয়ের মধ্যে ঢাকাস্থ ২৫তলা ভবন নির্মাণ বাবদ ব্যয় ৫৭.৮৩ কোটি টাকা এবং শেয়ার বাজারজাতকরণ খাতে ব্যয় ১৭.৯৩ কোটি টাকা। **RPO** ফান্ডের অবশিষ্ট ২৩৭.৯৩কোটি টাকা বর্তমানে ব্যাংকে জমা আছে।

৭.১২। সরকারের পৃষ্ঠপোষকতায় এবং শেয়ারহোল্ডারদের সহযোগিতায় বাংলাদেশ শিপিং কর্পোরেশন আজ নতুন উদ্যমে ঘুরে দাড়ানোর প্রত্যয়ে ফলপ্রসু ভুমিকায় অবতীর্ণ হয়েছে। বিএসসি অচিরেই দেশ ও দশের আকাংখা পূরণে সক্ষম হবে। সে যাত্রায় সম্মানিত শেয়ারহোল্ডারদের অব্যাহত সমর্থন, সহযোগিতা এবং পরামর্শ বিএসসির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ মর্মে তিনি উল্লেখ করেন।

৭.১৩। পরিশেষে, ব্যবস্থাপনা পরিচালক নৌ-পরিবহন মন্ত্রণালয়, সরকারের সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয় বিশেষ করে অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিএডিসি, বিসিআইসি, বিপিসি, সমুদ্র পরিবহন অধিদপ্তর, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, শুল্ক কর্তৃপক্ষসহ আমদানীকারক ও রপ্তানীকারক, বিএসসি'র সাথে সম্পৃক্ত ব্যাংকসমূহ, সকল এজেন্ট এবং অন্যান্য সংস্থাসমূহকে তাদের সহায়তা ও সহযোগীতার জন্য আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। অতঃপর উপস্থিত সম্মানিত শেয়ারহোল্ডার, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকদের আন্তরিক ধন্যবাদ ও শুভেচছা জানিয়ে তাঁর বক্তব্য শেষ করেন।

০৮। <u>আলোচ্যসূচী ২ এবং ৩ সভায় উপস্থাপন এবং সম্মানিত শেয়ারহোল্ডারদের বক্তব্য আহবানঃ-</u>

এ পর্যায়ে সভাপতি বাংলাদেশ শিপিং কর্পোরেশনের ২০১৫-১৬ অর্থ বছরের সামগ্রিক কর্মকান্ডের উপর পরিচালকমন্ডলীর প্রতিবেদন এবং একই অর্থ বছরের নিরীক্ষিত হিসাব, নিরীক্ষিত ব্যালেন্স শীট, লাভ-লোকসান হিসাব ও যুগ্ম-নিরীক্ষক কর্তৃক প্রদত্ত প্রতিবেদন গ্রহণ ও অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। অতঃপর উক্ত প্রস্তাবের উপর সম্মানিত শেয়ারহোল্ডারগণকে বক্তব্য রাখার আহবান জানান। সে প্রেক্ষিতে নিম্নেবর্ণিত শেয়ারহোল্ডারগণ তাঁদের মূল্যবান বক্তব্য উপস্থাপন করেনঃ-

<u>৮.১। জনাব এ বি এম জিয়াউর রহমান (বিও একাউন্ট নং-১২০২৬৮০০৭৭৮৩২১৭) ঃ-</u>

জনাব এ বি এম জিয়াউর রহমান_সভায় উপস্থিত নৌপরিবহন মন্ত্রী জনাব শাজাহান খান, এম.পি, বোর্ডের পরিচালকবৃন্দ ও উপস্থিত শেয়ারহোল্ডারদেরকে শুভেচ্ছা জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি সুন্দর মনোরম পরিবেশে বার্ষিক সাধারণ সভা আয়োজন করার জন্য বিএসসি'র ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি মাননীয় নৌপরিবহন মন্ত্রী-কে পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হিসেবে বিএসসি'র উন্নয়নে কাজ করে যাওয়ার জন্য শেয়ারহোল্ডারদের পক্ষ থেকে কৃতজ্ঞতা জানান। ১২% ষ্টক ডিভিডেন্ট দেয়া ও শেয়ারের অভিহিত মূল্য ১০০/- টাকা থেকে ১০/-টাকা করার জন্য জন্য বিএসসি'র পরিচালনা পর্ষদ-কে ধন্যবাদ জ্ঞাপন করেন। পরিশেষে তিনি কর্পোরেশনের উন্নতি ও অগ্রগতি কামনা করে আগামী বছর থেকে আরও বেশি লভ্যাংশ প্রদানের আহবান জানিয়ে তার বক্তব্য শেষ করেন।

<u>৮.২। জনাব বিশ্বজিৎ ঘোষ (বিও একাউন্ট নং-১২০২০৫০০০২৩৮৬৩২৪) ঃ-</u>

তিনি সভায় উপস্থিত নৌপরিহন মন্ত্রী-সহ উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি তার বক্তব্যে কর্পোরেশনের অবস্থা পূর্বের চেয়ে ভাল হয়েছে মর্মে অবহিত করেন এবং ভবিষ্যৎ এ আরো ভাল হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। সেলক্ষ্যে বর্তমানে চলমান উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখার জন্য বর্তমান সরকারকে সহযোগিতা করার জন্য সবাইকে অনুরোধ করেন। তিনি আগামিতে লভ্যাংশ ক্যাশ ও ষ্টক এর মিশ্রণে প্রদান করার বিষয়ে অভিমত প্রকাশ করেন। তিনি তাঁর বক্তব্যে আরো উল্লেখ করেন কর্পোরেশনের প্রশাসনিক ব্যয় কমানোর এবং আগত শেয়ার হোল্ডারদের যাতায়াত খরচ প্রদানের অনুরোধ জানান। সর্বশেষ ভবিষ্যতে তিনি আরো বেশী ডিভিডেন্ট এর আশাবাদ প্রকাশ করে তিনি তাঁর বক্তব্য শেষ করেন।

<u>৮.৩। জনাব দিলীপ কুমার শাহা (বিও একাউন্ট নং ১২০৩০১০০১৬৫৪৫৬৬৬)ঃ-</u>

তিনি সভায় উপস্থিত সকলকে সাধুবাদ জানিয়ে তার বক্তব্য শুরু করেন। পরিকল্পনা অনুযায়ী জাহাজ ক্রয়ের জন্য কার্যকর পদক্ষেপ নেয়ার অনুরোধ জানান। তিনি তার বক্তব্যে উল্লেখ করেন বিএসসি জাতির পিতা বঙ্গবন্ধুর হাতে গড়া প্রতিষ্ঠান, এ প্রতিষ্ঠানের বার্ষিক প্রতিবেদনের প্রথম পৃষ্ঠায় তাঁর ছবি ছাপিয়ে শ্রদ্ধার সাথে স্মরণ করায় এবং সুন্দর একটি বার্ষিক প্রতিবেদনের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।একই সাথে প্রতিবেদনে প্রকাশিত কর্পোরেশনের যে দুইজন কর্মকর্তা-কর্মচারী অকালে ইহকাল ত্যাগ করেছেন তাদের পরিবারের প্রতি সহমর্মিতা প্রকাশ করেন। তিনি কর্পোরেশনের বহরে দ্রুত জাহাজ সংযোজনের মাধ্যমে কর্পোরেশনের আয় বৃদ্ধিরপূর্বক আরো ভাল ডিভিডেন্ট প্রদানের জন্য অনুরোধ করেন। তিনি ১২% লভ্যাংশের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। সেই সাথে তিনি আগামী ১৫এপ্রিল২০১৭ তারিখে ঢাকাস্থ বিএসসি টাওয়ার উদ্বোধন অনুষ্ঠানে শেয়ার হোল্ডারদের আমন্ত্রণসহ একটি সেমিনারের আয়োজন করার প্রস্তাব করেন। তিনি নৌপরিবহন মন্ত্রীসহ সংশ্লিষ্ট সকলকে বিএসসি'র উন্নয়নের গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য অনুরোধ জানিয়ে বক্তব্য শেষ করেন।

<u>৮.৪। জনাব মোঃ শহিদুল ইসলাম মল্লিক (বিও একাউন্ট নং-১২০৩১৮০০১২৩৪৭৮৪২ ) ঃ-</u>

তিনি উপস্থিত সকলকে সালাম জানিয়ে তার বক্তব্য শুরু করেন। বার্ষিক সাধারণ সভা সুন্দর পরিবেশে অনুষ্ঠান ও একটি চমৎকার বার্ষিক প্রতিবেদন শেয়ারহোল্ডারগণকে প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি নৌপরিবহন মন্ত্রী শাজাহান খান, এমপি-কে আরো দীর্ঘ দিন

এ মন্ত্রণালয়ে রাখার জন্য সরকারের প্রতি আহবান জানান। তিনি তাঁকে পরশ পাথরের সাথে তুলনা করেন কারণ তাঁর সম্পর্শে নৌপরিবহন মন্ত্রণালয়ের অধিনস্ত সকল প্রতিষ্ঠান উন্নয়নের দিকে এগিয়ে চলছে।তাছাড়া, তিনি অত্র প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-কে স্মরণ করেন এবং এ সংস্থার উন্নয়নে সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক প্রচেষ্টার উদাত্ব আহবান জানিয়ে তার বক্তব্য শেষ করেন।

**৮.৫। জনাব হীরালাল বণিক (বিও একাউন্ট নং-১২০৪৩২০০২১৫৬৮৫৭৫) ঃ-**

তিনি উপস্থিত সম্মানিত শেয়ারহোল্ডারসহ সকলকে সাধুবাদ জানিয়ে সভায় তার বক্তব্য পেশ করেন। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি বার্ষিক প্রতিবেদনে ছাপানোর জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন বিদেশ থেকে সমুদ্র পথে পণ্য পরিবহনের জন্য সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ব্যক্তিগত উদ্যোগে ১৯৭২ সালের ফেব্রুয়ারী মাসে জাতীয় প্রতিষ্ঠান বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) প্রতিষ্ঠা হয়। এ প্রতিষ্ঠান বিশ্বের বিভিন্ন বন্দরে বাংলাদেশের জাতীয় পতাকা বহন করে দেশকে পরিচিত করছে। এছাড়া কর্পোরেশন মেরিনারদের চাকুরীর ব্যবস্থা করেছে। তিনি বলেন আজ তিনি আশান্বিত কেননা কর্পোরেশনের বহরে খুব দ্রুত জাহাজ সংযোজন হতে যাচ্ছে। তিনি উল্লেখযোগ্য হারে সংস্থার ব্যয় কমিয়ে আরো বেশি পরিমাণ ক্যাশ লভ্যাংশ প্রদান করার আহবান জানান। বার্ষিক প্রতিবেদনে কোন শেয়ার হোল্ডার এর ছবি না ছাপানোর বিষয়টি অবহিত করেন এবং আগামীতে নুন্যতম একজন শেয়ার হোল্ডারের ছবি ছাপানোর অনুরোধ করেন। তিনি সভায় উপস্থিত হওয়ার জন্য যাতায়াত ভাড়া প্রদানের অনুরোধ জানান এবং সবার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে বক্তব্য শেষ করেন।

**৮.৬। আলহাজ্ব মোঃ আবদুল ওয়াহাব (বিও একাউন্ট নং-১২০১৯৬০০০৮০১৪৩৬৭) ঃ-**

তিনি সকলকে সালাম জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি প্রথমেই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও শহীদ মুক্তিযোদ্ধাদের শ্রদ্ধাভরে স্মরণ করেন। তিনি বার্ষিক প্রতিবেদনে জাতির জনক বঙ্গবন্ধুর ছবি ছাপানোর জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। কর্পোরেশনের জাহাজ বৃদ্ধি করে আয় বাড়ানোর পরামর্শ প্রদান করেন। বর্তমান সরকারের সময়ে আকাশপথ, স্থলপথ ও নৌপথ এগিয়ে যাচ্ছে।তিনি আশা করেন বিএসসি বর্তমান সরকারের সময় আন্তর্জাতিক সমুদ্র পথে নেতৃত্ব দিবে। তিনি শেয়ার হোল্ডারদের বার্ষিক প্রতিবেদনে ছবি রাখার অনুরোধ করেন। সেই সাথে শেয়ার হোল্ডারদের বিএসসি'র লগো সম্বলিত ব্যাগ, ডাইরি ও কলম দেওয়ার অনুরোধ করেন যা সংস্থার প্রচারে ভূমিকা রাখবে। তিনি বিএসসি'র সুন্দর ভবিষ্যতের আশাবাদ ব্যক্ত করে তার বক্তব্য শেষ করেন।

**৮.৭। জনাব কামাল উদ্দিন আহমেদ (বিও একাউন্ট নং-১২০১৯৬০০০১১৪১৭৬২)**

বিএসসি'র ৩৯তম বার্ষিক সাধারণ সভা সুন্দর ও মনোরম পরিবেশে আয়োজন করার জন্য ধন্যবাদ জ্ঞাপন ও সকলকে সালাম জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি বলেন বিএসসি সমুদ্র পথে পণ্য পরিবহন ছাড়াও একটি জাতীয় পতাকাবাহী প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠান বিদেশের বন্দরে জাতীয় পতাকা বহন করে দেশের সুনাম অর্জনে ভূমিকা রেখেছে। তাই শুধু ব্যবসা নয় দেশের ভাবমূর্তি রক্ষার জন্য এ কর্পোরেশনের উপস্থিতি গুরুত্বপূর্ণ। তাছাড়া, তিনি বার্ষিক প্রতিবেদনে শেয়ার হোল্ডারদের ছবি এবং এজিএম-এ উপস্থিতির তালিকা সংযোজন করার অনুরোধ করেন। বিএসসি'র বহরে জাহাজ সংযোজনের পর জাহাজগুলোর সুষ্টভাবে পরিচালনার বিষয়ে গুরাত্বরোপ করেন। তিনি

জাহাজে বার্ষিক সাধারণ সভা আয়োজন করার এবং চট্টগ্রামস্থ কৈবল্যাধাম এর বিএসসি'র জমি সুরক্ষার জন্য আহবান জানান। সর্বশেষ বিএসসি'র উন্নতি ও সাফল্য কামনা করে বক্তব্য শেষ করেন।

**৮.৮। জনাব কবির আহমেদ চৌধুরী (বিও একাউন্ট নং-১৬০১৮৮০০৪৫৮৪৩৫০০) ঃ-**

তিনি সভায় উপস্থিত সভাপতি, উপস্থিত শেয়ারহোল্ডার ও অন্যান্য সকলকে সালাম জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি বলেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিএসসি'র যাত্রা শুরু করেছিলেন ২টি জাহাজ নিয়ে যা তাঁর সময়ে ১৪টি জাহাজে উন্নীত করা হয়। তিনি শুধু মালামাল পরিবহনের জন্য বিএসসি প্রতিষ্ঠা করেননি, তিনি স্বল্প ব্যয়ে হজ্জযাত্রী পরিবহনের জন্য হিজবুল বাহার নামে একটি যাত্রীবাহী জাহাজ সংযোজন করেছিলেন। কিন্তু বিএসসি'র বর্তমান বহরে মাত্র তিনটি জাহাজ থাকায় তিনি দুঃখ প্রকাশ করেন। তিনি বিএসসি'র চমৎকার ফ্রন্ট ডেস্কসহ ঈর্ষণীয় পরিবর্তনে আনন্দ প্রকাশ করেন। তিনি বলেন এখন বিএসসি'র সামনে এগিয়ে যাওয়ার সময়। সেই সাথে বার্ষিক প্রতিবেদনে শেয়ার হোল্ডারদের ছবি ছাপানো ও বিএসসি টাওয়ার উদ্বোধন অনুষ্ঠানে শেয়ার হোল্ডারদের দাওয়াত ও বক্তৃতা দেওয়ার সুযোগ দানের জন্য অনুরোধ করেন। শেয়ারের লভ্যাংশ বৃদ্ধির জন্য পরিকল্পনা মোতাবেক বিএসসি'র বহরে দ্রুত জাহাজ সংগ্রহের জন্য কর্তৃপক্ষকে অনুরোধ জানিয়ে তার বক্তব্য শেষ করেন।

**৮.৯। জনাব মৃদুল কান্তি দাস (বিও একাউন্ট নং- ১২০১৬৮০০০৮২০৮০০৯) ঃ-**

জনাব মৃদুল কান্তি দাস উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য শুরু করেন। তিনি পরবর্তী বছর বন্ধের দিন এজিএম অনুষ্ঠানের অনুরোধ করেন। উপরন্তু তিনি সকল শেয়ারহোল্ডারগণকে যাতায়াত ভাতা প্রদানের জন্য বিএসসি কর্তৃপক্ষকে অনুরোধ করে তার বক্তব্য শেষ করেন।

**৮.১০। জনাব মোঃ আলমগীর হোসেন (বিও একাউন্ট নং- ১২০১৫৯০০০৪৪৬০১০৫) ঃ-**

তিনি উপস্থিত সকলকে সালাম জানিয়ে বক্তব্য শুরু করেন। তিনি বলেন দেশে প্রচুর পরিমাণে অপরিশোধিত ও পরিশোধিত তেল পরিবহন করতে হয় যা বিএসসি'র জাহাজে পরিবহন করলে প্রচুর বৈদেশিক মুদ্রা সাশ্রয় হবে ও বিএসসি লাভবান হবে। তিনি আরো বলেন বিএসসি'র আয় পূর্বের চেয়ে বৃদ্ধি পাচ্ছে তাই তিনি উক্ত আয় উল্লেখযোগ্য পরিমান বৃদ্ধিপূর্বক আগামীতে শেয়ার হোল্ডারদের ৩০% থেকে ৪০% লভ্যাংশ প্রদানের অনুরোধ করেন। কর্মকর্তা-কর্মচারীদের ভাল কাজের উৎসাহ প্রদানের জন্য প্রণোদনা এবং কর্পোরেশনের কার্যক্রমে গতিশীলতা আনায়নের লক্ষ্যে নতুন জনবল নিয়োগের পরামর্শ প্রদান করেন। সর্বশেষ উপস্থিত সকল শেয়ারহোল্ডারদের সম্মানী প্রদানের আহবান জানান এবং বিএসসি'র উন্নয়ন কামনা করে তার বক্তব্য শেষ করেন।

**০৯। সম্মানিত শেয়ারহোল্ডারদের মূল্যবান বক্তব্য ও পরামর্শের উপর কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালকের ব্যাখ্যা প্রদান ঃ-**

সম্মানিত শেয়ারহোল্ডারদের মূল্যবান বক্তব্য ও পরামর্শের প্রেক্ষিতে কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ও পরিচালনা পর্ষদের সদস্য কমডোর হাবিবুর রহমান ভূইয়া সভাপতির অনুমতিক্রমে কর্পোরেশনের

অবস্থান ব্যাখ্যা করেন। তিনি উল্লেখ করেন সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ তাদের বক্তব্যে বাংলাদেশ শিপিং কর্পোরেশনের জন্য জাহাজ অর্জন ও উন্নয়নের জন্য যে সব মূল্যবান পরামর্শ প্রদান করেছেন তা অত্যন্ত গুরুত্ব বহন করে, সে জন্য তাদেরকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি ১০ জন শেয়ারহোল্ডারের বক্তব্যের প্রেক্ষিতে নিম্নোক্ত ব্যাখ্যা প্রদান করেনঃ-

৯.১। **<u>শেয়ারের অবিহত মূল্য ১০ টাকা করা প্রসঙ্গেঃ-</u>**

বাংলাদেশ শিপিং কর্পোরেশন আইন, ১৯৭২ (পি.ও ১০, ১৯৭২) যুগোপযোগি করে বাংলা ভাষায় নতুন আইন “বাংলাদেশ শিপিং কর্পোরেশন আইন, ২০১৭” জাতীয় সংসদে পাশ হয়েছে। উক্ত নতুন আইনে শেয়ারের অভিহিত মূল্য ১০/- (দশ) টাকা করার বিধান রাখা হয়েছে। এ আইনটির গেজেট প্রাপ্তির পর বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের বিধি-বিধান অনুসরণপূর্বক প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করে শেয়ারের অভিহিত মূল্য ১০/- টাকা করার কার্যক্রম দ্রুত গ্রহণ করার আশ্বাস প্রদান করেন।

৯.২। **<u>ক্যাশ ও স্টক ডিভিডেন্ড প্রদান প্রসঙ্গেঃ-</u>**

সম্মানিত শেয়ারহোল্ডারদের শেয়ারের ডিভিডেন্ড ক্যাশ ও স্টক ডিভিডেন্ড প্রদানের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করার আশাবাদ ব্যক্ত করেন।

৯.৩। **<u>প্রশাসনিক খরচ বৃদ্ধিঃ-</u>**

কর্পোরেশনের প্রশাসনিক খরচ বৃদ্ধির ব্যাপারে বেশ কয়েকজন শেয়ারহোল্ডার আলোকপাত করায় ব্যবস্থাপনা পরিচালক উল্লেখ করেন যে, বেতনস্কেল ২০১৫ বাস্তবায়ন করায় প্রশাসনিক খরচ বৃদ্ধি পেয়েছে। তিনি উল্লেখ করেন বেতন ও ভাতা খাতে বছরে ০৪ কোটি টাকার অধিক এবং আনুতোষিক (গ্রাচুয়িটি) খাতে বছরে ০৮ কোটি টাকার বেশি খরচ বৃদ্ধি পেয়েছে।

৯.৪। **এজিএম অনুষ্ঠানে উপস্থিত শেয়াহোল্ডারদেরকে যাতায়াত খরচ, প্রতিবেদনে ছবি ছাপানো, <u>প্রতিবেদন প্রেরণ, জাহাজে এজিএম অনুষ্ঠান করা এবং বন্ধের দিন এজিএম করা ইত্যাদি প্রসঙ্গেঃ-</u>**

(ক) সম্মানিত শেয়ারহোল্ডারদেরকে বার্ষিক সাধারণ সভায় যোগদানের জন্য যাতায়াত খরচ প্রদানের ব্যাপারে বলেন দূর-দূরান্ত থেকে অতিকষ্ট করে বার্ষিক সাধারণ সভায় যোগদানের জন্য সম্মানিত শেয়াহোল্ডারদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি উল্লেখ করেন সরকারী সংস্থা হিসেবে বিএসসিকে আর্থিক শৃঙ্খলার মধ্যে পরিচালনা করতে হয়। তাছাড়া বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা মেনে চলতে হয়, যাতে এ ধরণের যাতায়াত ভাতা প্রদানের কোন বিধান নেই। তবে ভবিষ্যতে কর্পোরেশনের আয় বৃদ্ধি করে লভ্যাংশের হার আরো বেশি পরিমান প্রদানের প্রচেষ্টা থাকবে।

(খ) বার্ষিক প্রতিবেদনে শেয়াহোল্ডারদের ছবি ছাপানোর বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করা হবে।

(গ) সকল সম্মানিত শেয়াহোল্ডারদের ঠিকানায় বার্ষিক প্রতিবেদন প্রেরণের বিষয়ে বলেন বার্ষিক প্রতিবেদন সভা অনুষ্ঠানের পূর্বে কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। এছাড়া সম্মানিত শেয়াহোল্ডারগণ বিএসসির অফিসসমূহ হতে প্রতিবেদন সংগ্রহ করতে পারেন।

(ঘ) জাহাজে এজিএম করার বিষয়ে তিনি বলেন জাহাজের স্বল্প পরিসরে এজিএম করা সম্ভবপর হবে না। তবে যে স্থানে জাহাজ ভিড়ানো থাকবে তার কাছাকাছি স্থানে এজিএম অনুষ্ঠানের প্রচেষ্টা নেয়া যেতে পারে।

(ঙ) ঢাকাস্থ বিএসসি টাওয়ার উদ্বোধনের সময় শেয়াহোল্ডারদের আমন্ত্রণ জানানোর আশ্বাস প্রদান করেন।

(চ) বন্ধের দিন এজিএম করার বিষয়ে বলেন, ইতোপূর্বে অনেকগুলো এজিএম বন্ধের দিন করা হয়েছে। এবারে অফিস চলাকালীন এজিএম অনুষ্ঠান করায় পূর্বের চেয়ে অধিক সংখ্যক শেয়ারহোল্ডার সভায় উপস্থিত হয়েছেন। এ বছর ৬০০ উপরে শেয়ারহোল্ডারগণ সভায় উপস্থিত হয়েছে। গত বছর ছুটির দিনে এজিএম অনুষ্ঠানে ৩৭৭ জন শেয়ারহোল্ডার সভায় উপস্থিত হয়েছিলেন। তবে বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করা হবে।

(ছ) লভ্যাংশ থেকে ট্যাক্স কর্তনের বিষয়ে তিনি বলেন সরকারী আইন/ রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন অনুসারে শেয়ারের লভ্যাংশ হতে নির্ধারিত হারে আয়কর কর্তন করা হয়।

৯.৫। <u>জাহাজ অর্জন ঃ-</u>

তিনি বলেন সম্মানিত শেয়ারহোল্ডারদের চীন থেকে ৬টি জাহাজ ক্রয়ে দীর্ঘসূত্রিতার কথা উল্লেখ করেছেন। চীন থেকে ৬টি জাহাজ ক্রয়ের ক্ষেত্রে সরকারী নিয়মকানুন প্রতিপালন করে জাহাজ সংগ্রহে বিলম্ব হয়েছে। আলেচ্য প্রকল্পটির ঋন চুক্তি সম্পাদন হয়েছে এবং জাহাজগুলো নির্মাণ কাজ এগিয়ে চলছে । ২০১৮ সালের মে থেকে শুরু করে ৬টি জাহাজ বিএসসি'র বহরে পর্যায়ক্রমে সংযোজন সম্ভব হবে মর্মে সবাইকে পুনরায় আশ্বস্ত করেন।

৯.৬। <u>বিএসসির কৈবাল্যধামের জমি প্রসঙ্গে ঃ-</u>

তিনি সম্মানিত শেয়ারহোল্ডারদের অবগতির জন্য বলেন, কৈবাল্যধামের জমিতে বহুতল ভবন, কনভেনশন সেন্টার নির্মাণসহ উন্নয়নের জন্য কয়েকবার EOI আহবান করা হয়েছে। কিন্তু কোন সাড়া পাওয়া যায়নি। উক্ত জমি যাতে বে-দখল না হয় সে জন্য বিএসসি সর্বদা সজাগ রয়েছে এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে এবং ভবিষ্যতেও করবে।

৯.৭। <u>বিএসসির শ্রেষ্ঠ কর্মকর্তা ও কর্মচারি নির্বাচনপূর্বক পুরস্কার প্রদান ঃ-</u>

ব্যবস্থাপনা পরিচালক বলেন বিএসসিতে বিগত দুই বছর থেকে শ্রেষ্ঠ কর্মকর্তা ও কর্মচারি নির্বাচন করা হয় এবং বাংলাদেশ শিপিং কর্পোরেশন এর প্রতিষ্ঠা বার্ষিকী পালন অনুষ্ঠানে তাদেরকে পুরস্কার প্রদান করা হয়। এ বছর ১জন কর্মকর্তা ও ২ জন কর্মচারিকে নির্বাচন করে পুরস্কার প্রদান করা হয়েছে।

১০। <u>আলোচ্যসূচী ২ এবং ৩-পরিচালক মন্ডলীর প্রতিবেদন, নিরীক্ষিত ব্যাল্যান্স শীট, লাভ-লোকসান হিসাব ও যুগ্ম-নিরীক্ষক কর্তৃক প্রদত্ত প্রতিবেদন গ্রহণ ও অনুমোদনঃ-</u>

| সভায় প্রস্তাব উপস্থাপন | সিদ্ধান্ত/অনুমোদন |
|---|---|
| সভাপতি ৩০ জুন, ২০১৬ তারিখে সমাপ্ত ২০১৫-২০১৬ অর্থ বছরের বাংলাদেশ শিপিং কর্পোরেশনের সামগ্রিক কর্মকান্ডের উপর পরিচালকমন্ডলীর প্রতিবেদন এবং একই অর্থ বছরের নিরীক্ষিত | সভাপতির প্রস্তাবের প্রেক্ষিতে বিএসসির ২০১৫-২০১৬ অর্থ বছরের পরিচালকমন্ডলীর প্রতিবেদন এবং একই অর্থ বছরের নিরীক্ষিত হিসাব, নিরীক্ষিত ব্যাল্যান্স শীট, লাভ-লোকসান হিসাব ও যুগ্ম- |

| | |
|---|---|
| হিসাব, নিরীক্ষিত ব্যাল্যান্স শীট, লাভ-লোকসান হিসাব ও যুগ্ম-নিরীক্ষক কর্তৃক প্রদত্ত প্রতিবেদন গ্রহণ ও অনুমোদনের জন্য প্রস্তাব করেন। | নিরীক্ষক কর্তৃক প্রদত্ত প্রতিবেদন সভায় উপস্থিত শেয়ারহোল্ডারগণ কর্তৃক সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। |

১১। আলোচ্যসূচী ৪- ২০১৬-২০১৭ অর্থ বছরের জন্য নিরীক্ষক নিয়োগ ও পারিশ্রমিক নির্ধারণঃ-

| সভায় প্রস্তাব উপস্থাপন | সিদ্ধান্ত/অনুমোদন |
|---|---|
| সভাপতি উল্লেখ করেন যে, গত ১২-০২-২০১৭ তারিখ অনুষ্ঠিত বোর্ড অব ডাইরেক্টরস্ এর ২৯০তম সভায় ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক হিসাব নিরীক্ষার জন্য ২টি অংশীদারী অডিট ফার্মকে পিপিআর অনুসরণে টেন্ডার বিজ্ঞপ্তির মাধ্যমে যুগ্ম-নিরীক্ষক হিসেবে নিয়োগ করার সিদ্ধান্ত হয়। বোর্ডের উল্লিখিত সিদ্ধান্তের প্রেক্ষিতে টেন্ডার বিজ্ঞপ্তির মাধ্যমে দু'টি চাটার্ড একাউন্ট্যান্টস্ ফার্ম ১। মেসার্স আহমেদ জাকির এন্ড কোং ২। মেসার্স মাহফিল এন্ড কোং প্রত্যেককে ৬০,০০০/- টাকা ফি'তে অর্থাৎ সর্বমোট ১,২০,০০০/- টাকা ফি'তে যুগ্ম-নিরীক্ষক হিসেবে নিয়োগ করার নিমিত্ত প্রক্রিয়া চূড়ান্ত করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠান দুটিকে ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব নিরীক্ষার জন্য নিয়োগ করার নিমিত্ত অনুমোদন করার প্রস্তাব করা হয়। | সভাপতির প্রস্তাবের প্রেক্ষিতে দু'টি চাটার্ড একাউন্ট্যান্টস্ ফার্ম ১। মেসার্স আহমেদ জাকির এন্ড কোং ২। মেসার্স মাহফিল এন্ড কোং প্রত্যেককে ৬০,০০০/- টাকা ফি'তে অর্থাৎ সর্বমোট ১,২০,০০০/- টাকা ফিতে ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক হিসাব নিরীক্ষার জন্য যুগ্ম-নিরীক্ষক হিসেবে নিয়োগের প্রস্তাব উপস্থিত শেয়ারহোল্ডারগণ কর্তৃক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। |

১২। আলোচ্যসূচী ৫- লভ্যাংশ ঘোষণা ও অনুমোদন ঃ-

| সভায় প্রস্তাব উপস্থাপন | সিদ্ধান্ত/অনুমোদন |
|---|---|
| সভাপতি সভায় অবহিত করেন যে, বাংলাদেশ শিপিং কর্পোরেশন ২০১৫-২০১৬ অর্থ বছরে ৬.৭২ কোটি টাকা নীট মুনাফা অর্জন করেছে। গত ১২-০২-২০১৭ তারিখে অনুষ্ঠিত বিএসসি বোর্ড অব ডাইরেক্টরস্ এর ২৯০তম সভায় প্রতিটি ১০০/-(একশত) টাকা অভিহিত মূল্যের শেয়ারের জন্য ১২% হারে বোনাস শেয়ার (ষ্টক ডিভিডেন্ড) প্রদানের সুপারিশ করা হয়। বোর্ডের সুপারিশ বার্ষিক সাধারণ সভায় চূড়ান্ত অনুমোদন করার প্রস্তাব করা হয়। | বিএসসির ২০১৫-২০১৬ অর্থ বছরে শেয়ারহোল্ডারদের জন্য প্রতিটি ১০০/-(একশত) টাকা অভিহিত মূল্যের শেয়ারের জন্য ১২% হারে বোনাস শেয়ার (ষ্টক ডিভিডেন্ড) প্রদানের বোর্ডের সুপারিশ সভায় উপস্থিত শেয়ারহোল্ডার কর্তৃক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। |

১৩। আলোচ্যসূচী ৬-- স্বতন্ত্র পরিচালক নিয়োগ ঃ-

| সভায় প্রস্তাব উপস্থাপন | সিদ্ধান্ত/অনুমোদন |
|---|---|
| কর্পোরেশনের সম্মানিত শেয়ারহোল্ডার জনাব মোঃ আবদুল কুদ্দুছ, অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব-কে স্বতন্ত্র পরিচালক হিসেবে নিয়োগ করার সরকারী সম্মতি সাপেক্ষে বিএসসি বোর্ডের ২৮৯তম সভায় ৩(তিন) বছরের জন্য নিয়োগ অনুমোদন করা হয় এবং উক্ত নিয়োগ শেয়ারহোল্ডারদের চুড়ান্ত অনুমোদনের জন্য সভাপতি কর্তৃক প্রস্তাব করা হয়। | সভাপতির প্রস্তাবের প্রেক্ষিতে জনাব মোঃ আবদুল কুদ্দুছ, অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব-কে স্বতন্ত্র পরিচালক হিসেবে ৩(তিন) বছরের জন্য নিয়োগ করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। |

১৪। <u>আলোচ্যসূচী , বিবিধ-১ ঃ আরপিও এর মাধ্যমে সংগৃহীত তহবিল খরচের সময়সীমা ৩০-০৬-২০১৮ পর্যন্ত বৃদ্ধি করার অনুমোদন ঃ</u>

| সভায় প্রস্তাব উপস্থাপন | সিদ্ধান্ত/অনুমোদন |
|---|---|
| বাংলাদেশ শিপিং কর্পোরেশন আরপিও'র মাধ্যমে শেয়ার বাজার হতে ৩১৩ কোটি ৭০ লক্ষ টাকা ২০১১ সালের নভেম্বর মাসে সংগ্রহ করে। উক্ত অর্থ আরপিও'র অর্থ হতে শেয়ারহোল্ডারদের অনুমোদন মোতাবেক ব্যয়ের পর বর্তমানে টাকা ২৩৭ কোটি ৯৩ লক্ষ ৩০ হাজার ২৩ টাকা অবশিষ্ট আছে। ক্রয় প্রক্রিয়াধীন কমপক্ষে ৩৪০০০ ডিডব্লিউটি সম্পন্ন রেডিমেড প্রোডাক্ট অয়েল/ কেমিক্যাল, ক্রুড অয়েল ট্যাংকার ক্রয়ের নিমিত্ত আলোচ্য অর্থ ব্যয় করাসহ জাহাজ ক্রয়ের জন্য উক্ত খরচের সময়সীমা আগামী ৩০শে জুন, ২০১৮ পর্যন্ত বৃদ্ধি করার জন্য সভাপতি কর্তৃক প্রস্তাব করা হয়। | সভাপতির প্রস্তাবের প্রেক্ষিতে আরপিও এর মাধ্যমে সংগৃহীত তহবিল ব্যয়ের পর অবশিষ্ট টাকা টাকা ২৩৭ কোটি ৯৩ লক্ষ ৩০ হাজার ২৩ টাকা খরচের সময়সীমা ৩০-০৬-২০১৮ পর্যন্ত বৃদ্ধি করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। |

১৫। <u>সভাপতি মহোদয়ের সমাপনী ভাষণঃ</u>

বার্ষিক সাধারণ সভায় আলোচ্যসূচী সমূহ সম্মানিত শেয়ারহোল্ডারগণ কর্তৃক সর্বসম্মতিক্রমে অনুমোদনের পর সভার সভাপতি নৌ-পরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং বাংলাদেশ শিপিং কর্পোরেশন পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মহোদয় সম্মানিত শেয়ারহোল্ডারদের উদ্দেশ্যে তাঁর সমাপনী বক্তব্য নিম্নে উদ্ধৃত করা হলোঃ-

১৫.১। সভাপতি সম্মানিত শেয়াহোল্ডারদের বিএসসি'র উপর আস্থা রাখার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন বিএসসি'র প্রতি আপনাদের প্রত্যাশা অনেক। সেই প্রত্যাশা পূরণের জন্য আমরা নিরলসভাবে কাজ করে যাচ্ছি। আপনারা জাহাজ ক্রয়ে দীর্ঘ সময়ক্ষেপনের বিষয়ে বলেছেন। চীন থেকে নির্মাণাধীন ৬টি জাহাজ আগামী ২০১৮সালের মাঝামঝি সময় থেকে পর্যায়ক্রমে বিএসসি বহরে সংযুক্ত হবে মর্মে আশ্বস্ত করেন। সেই সাথে আরো একটি জাহাজ নিজস্ব অর্থায়নে আগামী দুই মাসের মধ্যে বিএসসি'র বহরে সংযুক্ত হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। আগামী বার্ষিক সাধারণ সভায় আরো কয়েকটি ক্রয় প্রক্রিয়াধীন জাহাজ ক্রয় প্রকল্পের অগ্রগতি সম্পর্কে সম্মানিত শেয়ারহোল্ডারদেরকে অবহিত করা সম্ভব হবে। তিনি বলেন মাননীয় প্রধানমন্ত্রী'র সুযোগ্য দিক নির্দেশনায় বিএসসি এখন সামনের দিকে এগিয়ে যাচ্ছে। বিএসসিতে আধুনিক ডিজিটাল

অনুসন্ধান ডেস্ক চালু করা হয়েছে এবং আগামী ১৫ এপ্রিল ২০১৭ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঢাকাস্থ বিএসসি ভবন উদ্বোধন করা হবে। উক্ত অনুষ্ঠানে তিনি শেয়ারহোল্ডারদের উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানান। বিএসসি'র চট্টগ্রামস্থ কৈবল্যধামের জমি প্রসংগে জমিটি ব্যবহারের জন্য নানাভাবে প্রচেষ্টা নেওয়া হয়। কিন্তু জমির অবস্থানগত কারণে প্রচেষ্টা সফল হয়নি। তাই তিনি আগামী বার্ষিক সাধারণ সভায় শেয়াহোল্ডারদের এ জমি বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করেছেন। তবে তিনি ব্যাক্তিগতভাবে উক্ত জমি বিক্রয় করে প্রাপ্ত অর্থ দিয়ে কর্পোরেশনের আয় বৃদ্ধি হয় এমন খাতে বিনিয়োগের বিষয়ে মতামত ব্যক্ত করেন।

১৬। পরিশেষে, জাতীয় পতাকাবাহী বাংলাদেশ শিপিং কর্পোরেশনের অগ্রযাত্রা, উন্নতি ও উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করে এবং সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ ও উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৬/৪/১৭
(শাজাহান খান)
মন্ত্রি
নৌ-পরিবহন মন্ত্রণালয়
ও
সভাপতি
বোর্ড অব ডাইরেক্টরস্,
বাংলাদেশ শিপিং কর্পোরেশন।

---

## বাংলাদেশ শিপিং কর্পোরেশন

চট্টগ্রাম

নং-১৮.১৬.০০০০.৩৫২.০৬.০০৭.১৭-

তারিখঃ ১৪-০১-১৪২৪ বঙ্গাব্দ।
২৭-০৪-২০১৭ খ্রিঃ।

সম্মানিত শেয়ার হোল্ডারগণের সদয় অবগতির জন্য ওয়েবসাইটে প্রকাশ করা হলো।

স্বাক্ষরিত
২৭-০৪-২০১৭
(মোহাম্মদ আবদুল আউয়াল)
সচিব, বিএসসি।

**পরিশিষ্ট- "ক"**

# বাংলাদেশ শিপিং কর্পোরেশন

<u>চট্টগ্রাম</u>।

নৌ-পরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রি এবং বাংলাদেশ শিপিং কর্পোরেশন বোর্ড অব ডাইরেক্টরস এর চেয়ারম্যান, জনাব শাজাহান খান, এম. পি. মহোদয়ের সভাপতিত্বে বিএসসি'র ২০১৫-২০১৬ অর্থ বছরের ৩৯তম বার্ষিক সাধারণ সভা গত ২২-০৩-২০১৭ তারিখ বেলা ১১-০০ ঘটিকায় চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের শহীদ মোহাম্মদ ফজলুর রহমান মুন্সী অডিটোরিয়াম-এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় পরিচালনা পর্ষদের নিম্নোক্ত সম্মানিত পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন ঃ-

(০১) কমডোর এম. হাবিবুর রহমান ভূইয়া,
ব্যবস্থাপনা পরিচালক,
বাংলাদেশ শিপিং কর্পোরেশন,
চট্টগ্রাম।

(০২) জনাব মোঃ সাইফুল আলম হামিদী,
অর্থনৈতিক উপদেষ্টা, অর্থ বিভাগ,
অর্থ মন্ত্রণালয়,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার,
ঢাকা।

(০৩) বেগম ইয়াসমিন আফসানা,
নির্বাহী পরিচালক (অর্থ),
বাংলাদেশ শিপিং কর্পোরেশন,
চট্টগ্রাম।

(০৪) জনাব মোঃ সাঈদ উল্লাহ,
নির্বাহী পরিচালক (প্রযুক্তি)-চলতি দায়িত্ব,
এবং
নির্বাহী পরিচালক (বাণিজ্য)-অতিরিক্ত দায়িত্ব
বাংলাদেশ শিপিং কর্পোরেশন,
চট্টগ্রাম।